রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, আগস্ট ২০, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

ঢাকা : ০৪ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/১৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নম্বর ২৫২-আইন/২০১৮।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা রাশান ফেডারেশনের মস্কো এবং অস্ট্রিয়ার ভিয়েনাস্থ বাংলাদেশ দূতাবাস এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(খ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(গ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(ঘ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(ঙ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।


**মূল্য :** টাকা ৮.০০

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) প্রেষণে বদলির মাধ্যমে;

(খ) সরাসরি নিয়োগের মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা তফসিলে উল্লিখিত যোগ্যতার মধ্যে না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ।**—(১) কাউন্সিলর (নিউক্লিয়ার পাওয়ার), নিউক্লিয়ার এ্যাটাশে এবং প্রশাসনিক কর্মকর্তা কাম ব্যক্তিগত কর্মকর্তা পদে, এই বিধিমালার অন্যান্য বিধানাবলি এবং তফসিল **১** ও ২ এর বিধান সাপেক্ষে, প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) প্রেষণে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির বিদেশে চাকুরি করিবার শারীরিক ও মানসিক সক্ষমতা থাকিতে হইবে।

(৩) প্রেষণে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পেনশন, বেতন সংরক্ষণ, জ্যেষ্ঠতা, পদোন্নতি, শৃঙ্খলা এবং চাকুরী সংক্রান্ত আনুষঙ্গিক অন্যান্য বিষয়াদি উক্ত ব্যক্তির মূল কর্মস্থলের নির্ধারিত বিধি-বিধান অনুসারে পরিচালিত হইবে; তবে, প্রযোজ্য ক্ষেত্রে, একই ধরন বা মানের পদের জন্য দূতাবাস বা মিশনসমূহের প্রচলিত নিয়ম-রীতি বা ভাতা (বৈদেশিক ভাতাসহ) প্রদান ইত্যাদি অনুসরণ করিতে হইবে।

(৪) যে সকল কর্মকর্তা বা কর্মচারীর চাকুরী হইতে অবসর গ্রহণকালীন সময় ৪ (চার) বৎসরের কম রহিয়াছে তাহাদিগকে বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস বা মিশনে নিয়োগের জন্য বিবেচনা করা হইবে না।

(৫) প্রেষণের সময়কাল, ব্যতিক্রমী ক্ষেত্র ব্যতীত, ৪ (চার) বৎসরের অধিক হইবে না।

(৬) প্রেষণের সময়কাল শেষে অথবা তৎপূর্বেই ইহার অবসান ঘটিলে তিনি মূল কর্মস্থলে প্রত্যাবর্তন করিবেন।

৫। **সরাসরি নিয়োগের মাধ্যমে নিয়োগ (ড্রাইভার-কাম-মেসেঞ্জার পদে স্থানীয়ভিত্তিক নিয়োগের জন্য প্রযোজ্য)।**—(১) রাশান ফেডারেশনের মস্কোস্থ এবং অস্ট্রিয়ার ভিয়েনাস্থ দূতাবাস বা মিশনে ড্রাইভার-কাম-মেসেঞ্জার পদে সংশ্লিষ্ট দূতাবাস বা মিশন এর মাধ্যমে যথাক্রমে রাশান ফেডারেশন এবং অস্ট্রিয়ায় স্থানীয়ভিত্তিক নিয়োগ করিতে হইবে।

(২) দূতাবাস বা মিশনের মাধ্যমে স্থানীয়ভিত্তিক পদে কোনো ব্যক্তিকে স্থানীয় পর্যায়ে সরাসরি নিয়োগ করা যাইবে।

(৩) স্থানীয়ভিত্তিক পদে নিয়োগের পদ্ধতি ও অন্যান্য যাবতীয় বিষয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়কে অবহিতপূর্বক দূতাবাসের প্রচলিত নিয়ম-নীতি অনুসরণে করিতে হইবে।

৬। **বিশেষ বিধান।**—(১) দূতাবাস বা মিশনে প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণের অফিস স্থান, বেতন, ভাতাদি, বাসস্থান ভাড়া, শিক্ষা ভাতা, চিকিৎসা ভাতা, বৈদেশিক ভাতাসহ অন্যান্য প্রযোজ্য ভাতাদি; ছুটি, গাড়ি, যন্ত্রপাতি ব্যবহার, অফিস সরঞ্জামাদি, আসবাবপত্র, কম্পিউটার, অন্যান্য যাবতীয় প্রাপ্য অধিকার, ইত্যাদি বৈদেশিক দূতাবাস বা মিশনে পররাষ্ট্র মন্ত্রণালয় বা অন্য কোনো মন্ত্রণালয়ের (উদাহরণস্বরূপ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বা অন্য কোনো মন্ত্রণালয় বা বিভাগ) একই ধরন, মান বা গ্রেডের পদায়নকৃত কর্মকর্তাগণের সমতুল্য, অনুরূপ বা প্রচলিত নিয়ম-নীতি ও পদ্ধতি অনুসরণ করিতে হইবে এবং উক্তক্ষেত্রে দূতাবাস বা মিশনে একই পদের অনুরূপ প্রাপ্য সুবিধাদির সর্বোচ্চ মান এই নিয়োগ বিধিমালার আওতাধীন পদের জন্য প্রযোজ্য হইবে।

(২) দূতাবাস বা মিশনসমূহে ড্রাইভার-কাম-মেসেঞ্জার (স্থানীয়ভিত্তিক) পদে এই বিধিমালার এতদসংশ্লিষ্ট বিধানাবলি এবং তফসিল ১ ও ২ এর বিধান সাপেক্ষে নিয়োগ করা যাইবে এবং নিয়োজিত ব্যক্তির বেতন, ওভারটাইম ও অন্যান্য প্রযোজ্য ভাতাদি দূতাবাস বা মিশনসমূহের প্রচলিত বিধি বা নিয়ম-নীতি অনুসরণে করিতে হইবে।

**তফসিল-১**
**(বাংলাদেশ দূতাবাস, মস্কো, রাশান ফেডারেশন)**
**[বিধি ২ (ক) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয়তা যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | কাউন্সিলর (নিউক্লিয়ার পাওয়ার) | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান, নিউক্লিয়ার সাইন্স, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বা নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড এর ৫ম বা তদূর্ধ্ব গ্রেডের সম-পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে; এবং<br>(খ) ইংরেজি ভাষায় দক্ষতা থাকিতে হইবে; তবে নিউক্লিয়ার এবং বিদ্যুৎ বা তড়িৎ বিষয়ে উচ্চতর কারিগরি জ্ঞানসহ রাশান ভাষা জানা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২। | প্রশাসনিক কর্মকর্তা কাম ব্যক্তিগত কর্মকর্তা | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা বা ব্যক্তিগত কর্মকর্তা পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) কম্পিউটারে MS Office এবং Networking-এ কাজ করিবার বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) ইংরেজি ভাষায় দক্ষতা থাকিতে হইবে; তবে রাশান ভাষা জানা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩। | ড্রাইভার-কাম-মেসেঞ্জার | ১৮-৬৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের শিক্ষাগত যোগ্যতা;<br>(খ) ইংরেজি ও রাশান ভাষায় জ্ঞান থাকিতে হইবে;<br>(গ) রাশান ফেডারেশন সম্পর্কে ধারণা থাকিতে হইবে;<br>(ঘ) রাশান ফেডারেশনে গাড়ী চালানোর জন্য লাইসেন্স প্রাপ্ত;<br>(ঙ) রাশান বা রাশান ফেডারেশনে বসবাসকারী বৈধ বাংলাদেশি বা অন্য কোনো দেশের নাগরিক;<br>(চ) অভিজ্ঞ প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইবে। |

**তফসিল-২**
**(বাংলাদেশ দূতাবাস, ভিয়েনা, অস্ট্রিয়া)**
**[বিধি ২(ক) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | নিউক্লিয়ার এ্যাটাশে | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান, নিউক্লিয়ার সাইন্স, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বা নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ নিমিটেড এর ৫ম বা তদূর্ধ্ব গ্রেডের সম-পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে; এবং<br>(খ) ইংরেজি ভাষায় দক্ষতা থাকিতে হইবে; তবে নিউক্লিয়ার এবং বিদ্যুৎ বা তড়িৎ বিষয়ে উচ্চতর কারিগরি জ্ঞানসহ জার্মান ভাষা জানা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২। | প্রশাসনিক কর্মকর্তা কাম ব্যক্তিগত কর্মকর্তা | - | প্রেষণে বদলির মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা বা ব্যক্তিগত কর্মকর্তা পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে;<br>(খ) কম্পিউটারে এবং MS Office এবং Networking এ কাজ করিবার বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) ইংরেজি ভাষায় দক্ষতা থাকিতে হইবে; তবে জার্মান ভাষা জানা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩। | ড্রাইভার-কাম-মেসেঞ্জার | ১৮-৬৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের শিক্ষাগত যোগ্যতা;<br>(খ) ইংরেজি ও জার্মান ভাষায় জ্ঞান থাকিতে হইবে;<br>(গ) ভিয়েনা, অস্ট্রিয়া সম্পর্কে ধারণা থাকিতে হইবে;<br>(ঘ) ভিয়েনা, অস্ট্রিয়ায় গাড়ি চালানোর জন্য লাইসেন্স প্রাপ্ত;<br>(ঙ) অস্ট্রিয়ান বা অস্ট্রিয়ায় বসবাসকারী বৈধ বাংলাদেশি বা অন্য কোনো দেশের নাগরিক;<br>(চ) অভিজ্ঞ প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ার হোসেন**
সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd